ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

আনন্দবাজার পত্রিকা

২২ মাঘ ১৪২৭ শুক্রবার ৫ ফেব্রুয়ারি ২০২১ • ৫ টাকা ১৮ পাতা

হাওড়া ও হুগ

# মুম্বই থেকে ফিরলেন মহিলা

**খেজুরি:** বছর ছয়েকের প্রতিবন্ধী মেয়েকে নিয়ে মুম্বই চলে গিয়েছিলেন খেজুরি ২ ব্লকের জনকা গ্রামের সাগরি পাত্র। সেখানে পরিচয় বলতে না পারায় তাঁর মেয়ের ঠাঁই হয়েছিল এক হোমে। সাগরি আশ্রয় পান 'শ্রদ্ধা' নামের এক স্বেচ্ছাসেবী সংস্থায়। মাসছয়েক পরে ওই সংস্থার কর্মী তাঁকে বৃহস্পতিবার খেজুরি পৌঁছে দিয়ে যায়। খেজুরি থানায় সাগরির স্বামী বিশ্বজিৎ, মা গৌরী কামিলার হাতে তুলে দেওয়া হয় সাগরি ও তাঁর মেয়েকে। খেজুরি ২ ব্লকের বিডিও রমল সিংহ বিরধি বলেন, "মুম্বইয়ের একটি স্বেচ্ছাসেবী সংস্থা এবং খেজুরি থানার পুলিশের সহযোগিতায় ওই মহিলা এবং তাঁর মেয়ে বাড়ি ফিরেছে। আগামী দিনে তাঁদের প্রশাসনিক ভাবে সবরকমের সহযোগিতা করা হবে।"

*নিজস্ব সংবাদদাতা*